মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং বশিবো/পনি/এসএসসি/২০১৭/১৬৭৪

তারিখঃ ১৮-আশ্বিন,১৪২৪ বঙ্গাব্দ
০৩ অক্টোবর, ২০১৭ খ্রিস্টাব্দ

২০১৮ সালের এসএসসি পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

বরিশাল শিক্ষাবোর্ডের আওতাভুক্ত মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক/প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্যে ২০১৮ সালে অনুষ্ঠেয় মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদের নির্বাচনি পরীক্ষা গ্রহণ, **online** এ ফরম পূরণ, পরীক্ষার ফি জমা ইত্যাদি সম্পর্কিত তথ্যাদি নিম্নে দেয়া হলোঃ

ক্রঃনং	কাজের বিবরণ	তারিখ
১.	রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে জিপিএ উন্নয়ন এবং আবশ্যিক ও নৈর্বাচনিক বিষয়সমূহের এক থেকে চার বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থী (যার ক্ষেত্রে যতটি বিষয় প্রযোজ্য) হিসেবে অংশগ্রহণে ইচ্ছুক পরীক্ষার্থীদের নিজ নিজ প্রতিষ্ঠান প্রধানের বরাবর সাদা কাগজে আবেদনের শেষ তারিখঃ	১৫/১০/২০১৭
২.	নির্বাচনি পরীক্ষা গ্রহণসহ ফলাফল প্রকাশের শেষ তারিখ	০৫/১১/২০১৭
৩.	বিলম্ব ফি ছাড়া অনলাইনে ফরম পূরণ করার তারিখ	০৭/১১/২০১৭- ১২/১১/২০১৭
৪.	বিলম্ব ফি ছাড়া টি টি করার শেষ তারিখ (প্রয়োজনে বোর্ডে দাখিল করার জন্যে টিটি রসিদ সংরক্ষণ করতে হবে)	১৩/১১/২০১৭
৫.	পরীক্ষার্থী প্রতি ১০০/- (একশত) টাকা হারে বিলম্ব ফিসহ অনলাইনে ফরম পূরণ করার তারিখ	১৪/১১/২০১৭- ১৮/১১/২০১৭
৬.	পরীক্ষার্থী প্রতি ১০০/- (একশত) টাকা হারে বিলম্ব ফিসহ টিটি করার শেষ তারিখঃ	১৯/১১/২০১৭
৭.	**Online** এ **eEIF** সংশোধন ও নতুন অন্তর্ভুক্তি (২০১৮সালের এসএসসি পরীক্ষার পরীক্ষক হওয়ার জন্য)	১৩/১১/২০১৭- ২৮/১১/২০১৭

উল্লিখিত সময়সূচি অনুযায়ী সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য ২০১৮ সালের এসএসসি পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থীদের বাংলা (আবশ্যিক) ২য় পত্র, ইংরেজি (আবশ্যিক) ১ম ও ২য় পত্র- এই ০৩ (তিন)টি পত্র বাদে সকল পত্রের পরীক্ষা সৃজনশীল পদ্ধতির প্রশ্নে অনুষ্ঠিত হবে।

১। নিয়মিত পরীক্ষার্থীঃ

২০১৬ - ২০১৭ শিক্ষাবর্ষে নিবন্ধনকৃত সকল শিক্ষার্থী নিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

২। অনিয়মিত পরীক্ষার্থীঃ

২০১৬ ও ২০১৭ সালে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় এক থেকে চার বিষয়ে যারা অকৃতকার্য কিন্তু নিবন্ধনের মেয়াদ আছে তারা অকৃতকার্য বিষয়সমূহে অথবা সকল বিষয়ে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৮ সালের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। ২০১৪-২০১৫ সালের রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থী যারা ২০১৬ এবং ২০১৭ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণ করেনি, তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৮ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৩। জিপিএ উন্নয়নঃ

২০১৭ সালের এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু জিপিএ-৫.০০ (পাঁচ) এর কম অর্থাৎ জিপিএ ১.০০ থেকে ৪.৯৯ প্রাপ্ত পরীক্ষার্থীরা জিপিএ উন্নয়নের জন্য নিবন্ধনের মেয়াদ থাকা সাপেক্ষে ২০১৮ সালের জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। এক্ষেত্রে তাদেরকে সকল বিষয়ে পরীক্ষা দিতে হবে। পরীক্ষার্থীদের নিজ বিদ্যালয়ের মাধ্যমে তালিকাভুক্ত হয়ে ফি সহ নির্দিষ্ট সময়ের মধ্যে আবেদন করতে হবে। কোনোক্রমেই তারা পূর্বের গৃহীত বিষয় পরিবর্তন করতে পারবে না এবং তাদেরকে পূর্বের নিবন্ধন নম্বর ব্যবহার করতে হবে। ২০১৭ সালের মূল প্রবেশপত্র ও একাডেমিক ট্রান্সক্রিপ্টের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। তাদেরকে নিজ পাঠ্যসূচি অনুযায়ী পরীক্ষা দিতে হবে। আংশিক বিষয়ের পরীক্ষার্থীরা জিপিএ উন্নয়ন পরীক্ষা দিতে পারবে না।

৪। নির্বাচনি পরীক্ষাঃ

জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী ছাড়া সকল প্রকার (নিয়মিত ও অনিয়মিত) পরীক্ষার্থীকে অবশ্যই নির্বাচনি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। প্রয়োজনবোধে বোর্ডে তাদের নির্বাচনি পরীক্ষার উত্তরপত্র, স্বাক্ষরলিপি সরবরাহ করতে হবে। এ কারণে নির্বাচনি পরীক্ষার উত্তরপত্র ও স্বাক্ষরলিপি যথারীতি সংরক্ষণ করতে হবে। নির্বাচনি পরীক্ষার উত্তরপত্র সমূহ বোর্ডের ২০১৮ সালের এসএসসি পরীক্ষার ফল প্রকাশে তারিখ থেকে ৯০ (নব্বই) দিন পর্যন্ত সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধানকে যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। যে সকল পরীক্ষার্থী ইতোমধ্যে এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে, তাদের নির্বাচনি পরীক্ষায় উত্তীর্ণের বিষয়টি বাধ্যতামূলক নয়।

৫। স্ক্রাইব নিয়োগঃ

অন্ধ পরীক্ষার্থীদের শ্রুতি লেখক (স্ক্রাইব) পার্শ্ববর্তী স্বীকৃতিপ্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়ের ৮ম শ্রেণির শিক্ষার্থীদের মধ্যে থেকে নির্বাচন করতে হবে। নির্বাচিত শিক্ষার্থীর পূর্ণ বিবরণ ও ২ কপি সত্যায়িত ফটোসহ দরখাস্ত সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষকের মাধ্যমে পরীক্ষা নিয়ন্ত্রকের অনুমতির জন্য ১৫/০১/২০১৮ তারিখের মধ্যে বোর্ডে পৌঁছাতে হবে।

৬। বয়সঃ

যে সকল শিক্ষার্থীর বয়স ০১ জানুয়ারি, ২০১৮ তারিখে ১৪(চৌদ্দ) বছরের কম বা ২০ (বিশ) বছরের বেশি হবে তাদেরকে ২০১৮ সালের এসএসসি পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষা দানের সুযোগ দেয়া যাবে না। অনিয়মিত পরীক্ষার্থীদের বেলায় রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা পর্যন্ত বয়স শিথিলযোগ্য।

৭। বিবিধঃ

ক) কোনো শিক্ষার্থী এই বোর্ডের অনুমতিক্রমে বিদ্যালয় পরিবর্তন করে থাকলে সেক্ষেত্রে বিদ্যালয় পরিদর্শকের অনুমতিপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। বোর্ডের পূর্বানুমতি ব্যতীত অন্য বিদ্যালয়ের নিবন্ধনকৃত শিক্ষার্থীর আবেদন তথ্য প্রেরণ শাস্তিযোগ্য অপরাধ এবং কোনো প্রকার যোগাযোগ ছাড়াই এরূপ প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

খ) ২০১৭ সালের এসএসসি পরীক্ষায় অভিযুক্ত পরীক্ষার্থীদের মধ্যে যাদের কেবল ২০১৭ সালের এসএসসি পরীক্ষা বাতিল বলে ঘোষিত হয়েছে অথবা ২০১৭ সালের পূর্ববর্তী বছরে বহিস্কৃত পরীক্ষার্থীদের মধ্যে যাদের শাস্তির মেয়াদ ২০১৭ সালে উত্তীর্ণ হয়েছে নিবন্ধনের মেয়াদ থাকলে তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে সকল বিষয়ে ২০১৮ সালের পরীক্ষা দিতে পারবে।

গ) অন্য বোর্ড থেকে আগত পরীক্ষার্থীর নিবন্ধন রশিদ বোর্ডের নিবন্ধন বিভাগে জমা দিয়ে যথাসময়ে এই বোর্ড হতে নিবন্ধন করিয়ে বোর্ডের ইস্যুকৃত নিবন্ধন নম্বর পরীক্ষার আবেদনে ও সংশ্লিষ্ট সকল স্থানে উল্লেখ করতে হবে।

৮। ইংরেজি ভার্সনের পরীক্ষার্থীঃ

যে সকল বিদ্যালয়ে ইংরেজি ভার্সনে পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থী রয়েছে তাদের তালিকা প্রস্তুত করে আগামী ৩০/১০/২০১৭ তারিখের মধ্যে উপ-পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট হাতে হাতে জমা দিতে হবে।

৯। ফি-এর হার: (ক) ২০১৮ সালে অনুষ্ঠেয় এসএসসি পরীক্ষার ফি-এর হার নিম্নরূপ ঃ

পরীক্ষার্থীর প্রকার	পরীক্ষার ফি (প্রতি পত্র)	ব্যবহারিক পরীক্ষার ফি (প্রতি পত্র)	একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (প্রতি পরীক্ষার্থী)	মূল সনদ ফি (প্রতি পরীক্ষার্থী)	অনিয়মিত ফি (প্রতি পরীক্ষার্থী)	অনুমতি ও তালিকাভুক্তি ফি (প্রতি পরীক্ষার্থী)	বয়েজ স্কাউট/গার্লস গাইডফি (প্রতি পরীক্ষার্থী)	জাতীয় শিক্ষা সপ্তাহ ফি (প্রতি পরীক্ষার্থী)	বার্ষিক ক্রীড়া মঞ্জুরি ফি(প্রতি প্রতিষ্ঠান)
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭	০৮	০৯	১০
নিয়মিত পরীক্ষার্থী	৮০/-	৩০/-	৩৫/-	১০০/-	x	x	১৫/-	৫/-	
অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতোপূর্বে পরীক্ষার ফি প্রদান করেনি	৮০/-	৩০/-	৩৫/-	১০০/-	১০০/-	x	১৫/-	৫/-	
অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতোপূর্বে পরীক্ষার ফি প্রদান করেছে	৮০/-	৩০/-	৩৫/-	x	১০০/-	x	১৫/-	৫/-	৩০০/-
জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী	৮০/-	৩০/-	৩৫/-	১০০/-	–	১০০/-	১৫/-	৫/-	

* সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল, হিসাব নং ২০০০১৩৬৭৯, সোনালী ব্যাংক লিমিটেড, বরিশাল কর্পোরেট শাখা - এর অনুকূলে সোনালী ব্যাংকের যে কোনো শাখা থেকে টিটি মারফত ফি প্রেরণ করা যাবে। গৃহীত ফি কোনোক্রমেই ফেরৎযোগ্য নয়।

* ব্যবহারিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন ও আনুষঙ্গিক কর্মসম্পাদনের পর পরই কেন্দ্রসচিব ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি বাবদ আদায়কৃত অর্থ হতে অভ্যন্তরীণ পরীক্ষককে উত্তরপত্র প্রতি ০৫/-(পাঁচ) টাকা এবং বহিরাগত পরীক্ষককে উত্তরপত্র প্রতি ০৫/-(পাঁচ) টাকা হারে সম্মানী/পারিশ্রমিক পরিশোধ করবেন। উল্লেখ্য এ বিষয়ে বোর্ড টিএ/ডিএ বা উত্তরপত্র মূল্যায়ন বাবদ কোন প্রকার সম্মানী প্রদান করবে না। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের ব্যবহারিক পরীক্ষা স্ব-স্ব প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে, এ ক্ষেত্রে ব্যবহারিক ফি ২৫/- টাকা হবে, যার বিভাজন কেন্দ্র-০৭/-টাকা এবং প্রতিষ্ঠান-১৮/-টাকা।

* শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা এবং কেরিয়ার এডুকেশন বিষয়সমূহ এনসিটিবি এর নির্দেশনার অনুসারে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সংশ্লিষ্ট কেন্দ্রকে সরবরাহ করবে। সংশ্লিষ্ট কেন্দ্র ব্যবহারিক পরীক্ষার নম্বরের সাথে ধারাবাহিক মূল্যায়নের প্রাপ্ত নম্বর বোর্ডের ওয়েব সাইটে অনলাইনে প্রেরন করবে।

(খ) অন্যান্য ফি-এর হার ঃ বিলম্ব ফি প্রতি পরীক্ষার্থী (যার বেলায় প্রযোজ্য) ১০০/- (একশত) টাকা।

(গ) কেন্দ্র ফিঃ (সংশ্লিষ্ট কেন্দ্রের কেন্দ্রসচিবকে দিতে হবে)

১। সকল প্রকার পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা নেই (জনপ্রতি) ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা।
২। সকল প্রকার পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা আছে (জনপ্রতি) ৩০০/- (তিনশত) টাকা।

জ্ঞাতব্য বিষয়ঃ

০১। যে সকল পরীক্ষার্থী ২০১৬ সালের এসএসসি পরীক্ষায় ১ থেকে ৪ বিষয়ে অকৃতকার্য হয়ে ২০১৭ সালের এসএসসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে তারা ২০১৮ সালে অনুষ্ঠেয় এসএসসি পরীক্ষায় জিপিএ উন্নয়নের জন্য অংশগ্রহণ করতে পারবে না।
০২। যে সকল পরীক্ষার্থী ২০১৬ সালের এসএসসি পরীক্ষায় ১ বিষয়ে অকৃতকার্য হয়ে রেজিস্ট্রেশন নবায়ন পূর্বক ২০১৭ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে তারা ২০১৮ সালে অনুষ্ঠেয় এসএসসি পরীক্ষায় জিপিএ উন্নয়নের জন্য অংশগ্রহণ করতে পারবে না।
০৩। যে সকল পরীক্ষার্থী ২০১৬ সালের এসএসসি পরীক্ষায় ১ থেকে ৪ বিষয়ে অকৃতকার্য কিন্তু ২০১৭ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে ২০১৮ সালে অনুষ্ঠেয় এসএসসি পরীক্ষায় ঐ ১ থেকে ৪ বিষয়ে অথবা সকল বিষয়ে অংশগ্রহণ করতে পারবে।
০৪। যে সকল পরীক্ষার্থী ২০১৬ সালের এসএসসি পরীক্ষায় ১ থেকে ৪ বিষয়ে অকৃতকার্য (ঐচ্ছিক বিষয় ছাড়া) হয়ে ২০১৭ সালের এসএসসি পরীক্ষায় পুনরায় ঐ ১ থেকে ৪ বিষয়ে পরীক্ষা দিয়ে আংশিক বিষয়/ বিষয় সমূহে কৃতকার্য হয়েছে রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০১৮ সালে এসএসসি পরীক্ষায় অবশিষ্ট অকৃতকার্য বিষয়/ বিষয় সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
০৫। যে সকল পরীক্ষার্থী ২০১৭ সালের এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ অথচ ঐচ্ছিক (চতুর্থ) বিষয়ে অকৃতকার্য, তারা ২০১৮ সালের এসএসসি পরীক্ষায় উক্ত ঐচ্ছিক (চতুর্থ) বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
০৬। যে সকল পরীক্ষার্থী ২০১৬ সালের এসএসসি পরীক্ষায় ১ থেকে ৪ বিষয়ে অকৃতকার্য হয়ে ২০১৭ সালের এসএসসি পরীক্ষায় ঐ ১ থেকে ৪ বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণকালে বহিস্কৃত বা রিপোর্টেড, শৃংখলা কমিটির সিদ্ধান্ত মোতাবেক কেবলমাত্র ২০১৭ সালের পরীক্ষা বাতিল হয়েছে, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০১৮ সালের এসএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করতে পারবে।
০৭। পাঠ্যসূচি ঃ

ক) ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ২০১৫ সালের সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে।
খ) ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ২০১৭ সালের সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে।
গ) ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ২০১৮ সালের সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

০৮। যে সকল পরীক্ষার্থী (সেশন ২০১৩-২০১৪) ০১ (এক) বিষয়ে অকৃতকার্য (ঐচ্ছিক বিষয় ছাড়া) রয়েছে তারা রেজিস্ট্রেশন নবায়ন করে শুধু ২০১৮ সালের মাধ্যমিক পরীক্ষায় অকৃতকার্য ঐ ০১ (এক) বিষয়ে অংশগ্রহণ করতে পারবে। সংশ্লিষ্ট পরীক্ষার্থীদেরকে বোর্ডের বিদ্যালয় শাখায় ২০১৪/২০১৫/২০১৬ সালের পরীক্ষার টেবুলেশন শিটের ফটোকপি, মূল রেজিস্ট্রেশন কার্ড ও নবায়ন ফি বাবদ ২০০/= (দুই শত) টাকার ব্যাংক ড্রাফট সহ আবেদন জমা দিয়ে আগামী ২৫/১০/২০১৭ তারিখের মধ্যে রেজিস্ট্রেশন নবায়ন করতে হবে।
০৯। ২০১৮ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক নিয়মিত পরীক্ষার্থীরা ঐচ্ছিক বিষয়ের সুবিধা পাবে। তবে আংশিক বিষয়ে (১ থেকে ৪ বিষয়) অংশগ্রহণে ইচ্ছুক পরীক্ষার্থীরা ঐচ্ছিক বিষয়ের আবেদন করতে পারবে না।
১০। প্রথাগত সাজেশন নির্ভর প্রস্তুতি পরিহার করে পাঠ্যপুস্তক ভিত্তিক সামগ্রিক প্রস্তুতি নেয়ার জন্য বলা হলো।

03.10.17

প্রফেসর মোঃ আনোয়ারুল আজিম-৯৭৭২
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
ফোন অফিসঃ ০৪৩১-৬৪০৮৫
ইমেইল barisalboard@gmail.com

স্মারক নং বশিবো/পনি/এসএসসি/২০১৭/১৬৭৪

তারিখঃ ১৮-আশ্বিন,১৪২৪ বঙ্গাব্দ
০৩ অক্টোবর, ২০১৭ খ্রিস্টাব্দ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা
৩। জেলা প্রশাসক, এই বোর্ডের আওতাধীন সকল জেলা
৪। উপজেলা নির্বাহী অফিসার, এই বোর্ডের আওতাধীন সকল উপজেলা
৫। সহকারী মহাব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, বরিশাল কর্পোরেট শাখা
৬। বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন সকল বিদ্যালয় প্রধান
৭। ওয়েবসাইট ঃ www.barisalboard.gov.bd
৮। নোটিশ বোর্ড

০৩.১০.১৭

অরুন কুমার গাইন-১০২৬০
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
ফোন অফিসঃ ০৪৩১-৬৫১৮২
ইমেইল barisalboard@gmail.com

নোটিশ